তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# বাকৃবিতে আজ ক্যারিয়ার মেলা

■ বাকৃবি সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) প্রথমবারের মত আজ বসছে দুই দিনব্যাপী ক্যারিয়ার মেলা। মেলা চলবে আজ ও আগামীকাল। কাটালিস্ট ও কনসিগলিরি প্রাইভেট লিমিটেড (সিপিএম) অর্থায়নে এবং বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে অনুষ্ঠিত হচ্ছে এ চাকুরির মেলা। এখন পর্যন্ত ১৪টি প্রতিষ্ঠান মেলায় অংশগ্রহণের রেজিস্ট্রেশন করেছে। বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ তথ্য জানান আয়োজকরা। মেলাটি কৃষি অনুষদীয় সংলগ্ন করিডরে অনুষ্ঠিত হবে। চাকরি প্রার্থীদেরকে সিভি তৈরি করে কোম্পানির স্টলে ড্রপ করতে হবে। কোম্পানিগুলো প্রার্থীদের তালিকা করে তাৎক্ষণিক ভাইভা নিবেন ও চাকরি দিবেন। সকাল ১০টায় পরিচর্যা অধিবেশন বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে অনুষ্ঠিত হবে। এ সেশনে কিভাবে সিভি লিখতে হবে, কিভাবে ভাইভা দিতে হবে, কিভাবে নিজেকে প্রকাশ করতে হবে এই বিষয়গুলো আলোচনা করবেন বিশেষজ্ঞরা।